ইং 17.05.2007 তারিখে অনুষ্ঠিত 217 তম

[redacted] / শিক্ষা পরিষদ / [redacted] সভার কার্যবিবরণীর উদ্ধৃতাংশ

প্রস্তাব নং-৫

রাজশাহী বিশ্ববিদ্যালয় এম.ফিল./পিএইচ.ডি. বিধি প্রণয়ন কমিটি সভার কার্যবিবরণীর ১ ও ৩ নং সিদ্ধান্ত বিবেচনা।

(পরিশিষ্ট-৫ প্রচারিত)

সিদ্ধান্ত নং-৫

রাজশাহী বিশ্ববিদ্যালয় এম.ফিল./পিএইচ.ডি. প্রোগামে ভর্তির জন্য শিক্ষাগত যোগ্যতা পুনঃনির্ধারণের জন্য গঠিত কমিটির সুপারিশ বিবেচিত হলো এবং সংশোধনসহ তা অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।

এই নতুন বিধি ২০০৮-২০০৯ শিক্ষা বর্ষ থেকে কার্যকর হবে।

ফি সংক্রান্ত প্রস্তাবটি ফাইন্যান্স কমিটির মাধ্যমে প্রসেস করার জন্য সুপারিশ করা হলো।

20.5.2007

রেজিস্ট্রার/এর পক্ষে
রাজশাহী বিশ্ববিদ্যালয়

# রাজশাহী বিশ্ববিদ্যালয়

## বি জ্ঞ প্তি

মেমো নং এ- ১১৩১ -৪/৫৬ তারিখ ঃ ১২/৬/২০০৭

সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যকারিতার জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের এম.ফিল/পি-এইচ.ডি অর্ডিন্যান্স-২০০২ এর ধারা ৫ (শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত) সংশোধন বিষয়ে শিক্ষা পরিষদ কর্তৃক গঠিত কমিটির সুপারিশ গত ১৭.০৫.২০০৭ তারিখে অনুষ্ঠিত ২১৭তম শিক্ষা পরিষদ সভার ৫নং সিদ্ধান্তে এবং ২২.০৫.২০০৭ তারিখে অনুষ্ঠিত ৪১২তম সিন্ডিকেট সভার ২নং সিদ্ধান্তে নিম্নলিখিতভাবে অনুমোদিত হয়েছে।

উল্লেখ্য, এই সাথে ০৫.০৫.২০০৬ তারিখে প্রচারিত বিজ্ঞপ্তি নং এ-৫৯৫-৪/৫৬ (পী.প.) বাতিল বলে গণ্য হবে।

**এম.ফিল প্রোগ্রামে ভর্তির যোগ্যতা**

৫।(১) প্রার্থীর অবশ্যই এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৩.০০ থাকতে হবে।

(২) কলা/সামাজিক বিজ্ঞান/আইন অনুষদভুক্ত বিভাগসমূহ থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে বি.এ/বি.এস.এস/ এল.এল.বি (অনার্স) এবং এম.এ/এম.এস.এস/এল.এল.এম পরীক্ষার যে-কোন একটিতে ন্যূনতম ৫৫% ও অন্যটিতে ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে অথবা উভয় পরীক্ষার একটিতে ন্যূনতম সিজিপিএ ৩.২৫ ও অন্যটিতে ন্যূনতম সিজিপিএ ৩.০০ পেতে হবে।

অথবা,

বিজ্ঞান/জীব ও ভূ-বিজ্ঞান/কৃষি অনুষদভুক্ত বিভাগসমূহ থেকে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে বি.এস-সি/বি.এস-সি এজি (অনার্স)/সমমান এবং এম.এস-সি/সমমান পরীক্ষার যে-কোন একটিতে ন্যূনতম ৫৫% ও অন্যটিতে ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে অথবা উভয় পরীক্ষার একটিতে ন্যূনতম সিজিপিএ ৩.২৫ এবং অন্যটিতে ন্যূনতম সিজিপিএ ৩.০০ পেতে হবে।

অথবা,

বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভাগসমূহ থেকে বিবিএ (অনার্স) ও এমবিএ পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে যে-কোন একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ ও অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.০০ পেতে হবে অথবা বিকম/বিবিএস (অনার্স) ও এমকম/এমবিএস পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে যে-কোন একটিতে ন্যূনতম ৫৫% এবং অন্যটিতে ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে।

অথবা,

এমবিবিএস/বিডিএস/ব্যাচেলর অব ইউনানী মেডিসিন এন্ড সার্জারী/ডিভিএম/ব্যাচেলর অব আয়ুর্বেদিক মেডিসিন ও সার্জারী/এম.এস-সি (ইঞ্জিনিয়ারিং)/সমমান পাশ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম ৫৫% নম্বর অথবা সমমান জিপিএ পেতে হবে।

(৩) যে সকল প্রার্থী উপরে বর্ণিত (২) এর শিক্ষাগত যোগ্যতার কোন একটি শর্ত পূরণ করেন না, তাঁরা এম.ফিল প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন, যদি তাঁদের ডিগ্রী পর্যায়ে ৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা/ কোন স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৪(চার) বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে কোন স্বীকৃত জার্নালে ন্যূনতম ২টি গবেষণা নিবন্ধ প্রকাশিত হয়ে থাকে/গৃহিত হয়ে থাকে। তবে, শিক্ষা জীবনের কোন পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণী/সিজিপিএ ২.৫০ এর কম থাকলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

এই উপধারাসমূহ এম.ফিল বিধি-২০০২ এ বর্ণিত ৫ ধারার শিক্ষাগত যোগ্যতা (Qualifications)-এর স্থলে প্রতিস্থাপিত হবে এবং উক্ত ধারার ১ থেকে ৪ উপধারাসমূহ এই সাথে বাতিল বলে গণ্য হবে।

চলমান পাতা-২

## পি-এইচ.ডি প্রোগ্রামে ভর্তির যোগ্যতা

৫। প্রার্থীকে অবশ্যই এম.ফিল/সমমান ডিগ্রী প্রাপ্ত হতে হবে:

অথবা,

প্রার্থীর যদি উপর্যুক্ত এম.ফিল বিধির ৫ ধারায় বর্ণিত শিক্ষাগত যোগ্যতা থাকে এবং তিনি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/সরকারী বৃত্তি অর্জন করেন:

অথবা,

এম.ফিল বিধির ৫ ধারার উপধারা (১) ও (২) এর শিক্ষাগত যোগ্যতাসহ ডিগ্রী পর্যায়ে ৫(পাঁচ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা/কোন স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৬(ছয়) বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে কোন স্বীকৃত জার্নালে ন্যূনতম ৩টি গবেষণা নিবন্ধ প্রকাশিত/গৃহীত হয়ে থাকলে প্রার্থী পি-এইচ.ডি প্রোগ্রামে ভর্তি হতে পারবেন। তবে, শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী/সিজিপিএ ২.৫০ এর কম থাকলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

উপরের অংশটুকু পি-এইচ.ডি বিধি-১৯৯১ এ বর্ণিত ৫ ধারার শিক্ষাগত যোগ্যতা (Qualifications)-এর স্থলে প্রতিস্থাপিত হবে এবং এ সংক্রান্ত পূর্বের শিক্ষাগত যোগ্যতা (Qualifications) এই সাথে বাতিল বলে গণ্য হবে।

এই বিধিসমূহ ২০০৮-২০০৯ শিক্ষাবর্ষ থেকে কার্যকর হবে।

রেজিস্ট্রার
রাজশাহী বিশ্ববিদ্যালয়

মেমো নং এ- ১১৫১.-৪/৫৬ তারিখ ঃ ১২/৬/২০০৭

অবগতি ও কার্যকারিতার জন্য প্রতিলিপি ঃ

১. ডীন, কলা/আইন/বিজ্ঞান/সামাজিক বিজ্ঞান/বিজনেস স্টাডিজ/জীব ও ভূবিজ্ঞান/কৃষি অনুষদ, রাবি
২. সভাপতি, দর্শন/ ইতিহাস/ ইংরেজি/ বাংলা/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ ভাষা/ আরবী/ চারুকলা/ ইসলামিক স্টাডিজ/ ফোকলোর/ নাট্যকলা ও সঙ্গীত/ আইন ও বিচার/ গণিত/ পদার্থবিজ্ঞান/ রসায়ন/ পরিসংখ্যান/ ফলিত পদার্থবিজ্ঞান ও ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি/ প্রাণ রসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান/ ফার্মেসী/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ফলিত গণিত/ পপুলেশন সায়েন্স এন্ড হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ম্যাটেরিয়ালস সায়েন্স এন্ড টেকনোলজি/ হিসাববিজ্ঞান ও তথ্য ব্যবস্থা/ ব্যবস্থাপনা/ মার্কেটিং/ ফাইন্যান্স ও ব্যাংকিং/ অর্থনীতি/ রাষ্ট্রবিজ্ঞান/ সমাজকর্ম/ সমাজবিজ্ঞান/ গণযোগাযোগ/ লোকপ্রশাসন/ ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট /নৃবিজ্ঞান/ভূগোল ও পরিবেশবিদ্যা/মনোবিজ্ঞান / উদ্ভিদবিজ্ঞান/ প্রাণিবিদ্যা/ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা/ জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি/ এগ্রোনমী এন্ড এগ্রিকালচারাল এক্সটেনশন/ ফিশারীজ/এনিমেল হাজবেন্ড্রী এন্ড ভেটেরিনারি সায়েন্স/ ক্রপ সায়েন্স এন্ড টেকনোলজি বিভাগ, রাবি
৩. পরিচালক, ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ/ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস/ ব্যাবসায় প্রশাসন ইনস্টিটিউট/ পরিবেশবিজ্ঞান ইনস্টিটিউট/ শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, রাবি
৪. সভাপতি, ক্যালেন্ডার সংকলন কমিটি, রাবি
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, রাবি
৬. হিসাব পরিচালক, রাবি
৭. উপ-রেজিস্ট্রার, পরিষদ শাখা, রাবি
৮. সংশ্লিষ্ট নথি

(মো. জাইদুর রহমান)
উপ-রেজিস্ট্রার(একাডেমিক)
রাজশাহী বিশ্ববিদ্যালয়

D:/Manik/Aca/Qualification Of M.Phil_Ph.D/